

🗏 আল-মায়েদা | Al-Ma'ida | ٱلْمَائِدَة

আয়াতঃ ৫: ৭৮

💵 আরবি মূল আয়াত:

لُعِنَ الَّذِينَ كَفَرُوا مِن بَنِي اِسرَآءِيلَ عَلَى لِسَانِ دَاوَّدَ وَ عِيسَى ابنِ مَريَمَ الْذِينَ كَفَرُوا مِن بَنِي اِسرَآءِيلَ عَلَى لِسَانِ دَاوَّدَ وَ عِيسَى ابنِ مَريَمَ الْذَوْلَ بَمَا عَصَوا وَ كَانُوا يَعتَدُونَ ﴿٧٨﴾

বনী ইসরাঈলের মধ্যে যারা কুফরী করেছে তাদেরকে দাউদ ও মারইয়াম পুত্র ঈসার মুখে লা'নত করা হয়েছে। তা এ কারণে যে, তারা অবাধ্য হয়েছে এবং তারা সীমালজ্ঘন করত। — আল-বায়ান

বানী ইসরাঈলের মধ্যে যারা কুফরী করেছিল তাদেরকে দাউদ ও মারইয়াম পুত্র ঈসার মুখে (উচ্চারিত কথার দ্বারা) অভিশাপ দেয়া হয়েছে। এটা এই কারণে যে তারা অমান্য করেছিল আর তারা ছিল সীমালজ্ঘনকারী। — তাইসিক্লল

বানী ইসরাঈলের মধ্যে যারা কাফির ছিল, তাদের উপর অভিসম্পাত করা হয়েছিল দাউদ ও ঈসা ইবনে মারইয়ামের মুখে; এই লা'নত এ কারণে করা হয়েছিল যে, তারা অবাধ্য ছিল এবং সীমালংঘন করত। — মুজিবুর রহমান

Cursed were those who disbelieved among the Children of Israel by the tongue of David and of Jesus, the son of Mary. That was because they disobeyed and [habitually] transgressed. — Sahih International

৭৮. ইসরাঈল-বংশধরদের মধ্যে যারা কুফরী করেছিল তারা দাউদ ও মারইয়াম-পুত্র ঈসার মুখে অভিশপ্ত হয়েছিল।(১) তা এ জন্যে যে, তারা তারা অবাধ্যতা করেছিল আর তারা সীমালজ্যন করত।

(১) ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা বলেন, বনী ইসরাঈলরা ইঞ্জীলে ঈসা আলাইহিস সালামের মুখে লা'নত প্রাপ্ত হয়েছিল। আর যাবুরে দাউদ আলাইহিস সালামের মুখে লা'নত প্রাপ্ত হয়েছিল। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (৭৮) বনী ইস্রাঈলের মধ্যে যারা অবিশ্বাস করেছিল, তারা দাউদ ও মারয়্যাম-তনয় কর্তৃক অভিশপ্ত হয়েছিল।[1] কেননা, তারা ছিল অবাধ্য ও সীমালংঘনকারী। [2]
 - [1] অর্থাৎ, যবুরের মধ্যে যা দাউদ (আঃ)-এর উপর অবতীর্ণ হয়েছিল এবং ইঞ্জীলের মধ্যে যা ঈসা (আঃ)-এর উপর অবতীর্ণ হয়েছিল। আর এই অভিশাপ কুরআনের মাধ্যমেও তাদেরকে করা হচ্ছে, যা মুহাম্মাদ (সাঃ)-এর



উপর অবতীর্ণ হয়েছে। 'লানত বা অভিশাপ' এর অর্থ হচ্ছে; আল্লাহর রহমত ও তার করুণা থেকে বঞ্চনা।

[2] এ হল অভিশাপের হেতু। (ক) অবাধ্যতা; অর্থাৎ, ওয়াজেব কর্ম ত্যাগ করে এবং হারাম কর্ম সম্পাদন করে তারা আল্লাহর অবাধ্যতা করেছিল। (খ) সীমালজ্মন; অর্থাৎ, অতিরঞ্জন ও বিদআত রচনা করে তারা সীমালংঘন করেছিল।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=747

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন